



একই স্মারকের বিকল্প প্রতিলিপি  
গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার  
বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড  
ভোকেশনাল (পরীক্ষা) শাখা  
www.bteb.gov.bd

নম্বর ৫৭.১৭.০০০০.৩০৩.৩১.০০১.১৮.২৬

তারিখঃ ২৭ ফাল্গুন ১৪২৫  
১১ মার্চ ২০১৯

### বিজ্ঞপ্তি

বিষয়ঃ এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণি সমাপনী পরীক্ষা ২০১৮ এর ফলাফল পুনঃনিরীক্ষণ ও সংশোধন প্রসঙ্গে।

চেয়ারম্যান মহোদয়ের অনুমোদনক্রমে সংশ্লিষ্ট সকলকে জানানো যাচ্ছে যে, এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণি সমাপনী পরীক্ষা ২০১৮ এর ফলাফল ০৭ মার্চ ২০১৯ খ্রি. তারিখে প্রকাশিত হয়েছে। এ ফলাফল পুনঃনিরীক্ষণ ও সংশোধনের আবেদন নিম্ন বর্ণিত ডকুমেন্টস্ জমা দান সাপেক্ষে ১৯ মার্চ ২০১৯ খ্রি. তারিখের মধ্যে পরীক্ষা নিয়ন্ত্রক বরাবরে দাখিল করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

০২. পুনঃনিরীক্ষণের ক্ষেত্রে প্রতি বিষয় ৩০০ টাকা হারে যে কোন সোনালী ব্যাংকের মাধ্যমে সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড এর অনুকূলে ব্যাংক ড্রাফট করে প্রতিষ্ঠান প্রধানের মাধ্যমে ম্যানুয়ালী আবেদন করতে হবে।

০৩. অপ্রকাশিত ফলাফলের ক্ষেত্রে প্রতিষ্ঠান প্রধান সংশ্লিষ্ট শিক্ষার্থীর প্রবেশপত্র, রেজিস্ট্রেশন কার্ড, হাজিরা শিট, টিসি, পিসি, পিএফ, আইএ (প্রযোজ্য ক্ষেত্রে) নম্বরের প্রমাণক দাখিল সাপেক্ষে আবেদন করতে পারবেন।

০৪. মিসিং নম্বরের ক্ষেত্রে এসএসসি (ভোকেশনাল) ও দাখিল (ভোকেশনাল) শিক্ষাক্রমের নবম শ্রেণি সমাপনী পরীক্ষা ২০১৮ এর বিজ্ঞপ্তির অনুচ্ছেদ ৮.১ অনুযায়ী প্রতিষ্ঠান জরিমানা জমা দান সাপেক্ষে নম্বরসহ (প্রযোজ্য ক্ষেত্রে) আবেদন দাখিল করতে পারবেন।

(ড. সুশীল কুমার পাল)

পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ৯১১৩২৮৩ (অফিস)

অনুলিপি সদয় অবগতি এবং যথাযথ কার্যার্থে প্রেরণ করা হলো :

১. পরিচালক (ভোকেশনাল), কারিগরি শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
২. সচিব, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৩. সিস্টেম এনালিস্ট, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা (ওয়েব সাইটে প্রদানের জন্য অনুরোধ করা হলো)।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা।
৫. সংরক্ষণ নথি।

(মোঃ আবুল হোসেন)

উপ-পরীক্ষা নিয়ন্ত্রক

বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, ঢাকা

ফোন : ০২-৪৮১১১১৬৪(অফিস)।